

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৭.০৮.০০৯.১৭-৬২৮

তারিখঃ ১৬ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ।
০১ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ।

প্রেরকঃ মোঃ নূরুল আলম সিদ্দীক
সিনিয়র সহকারী সচিব।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।


বিষয়ঃ ১৫ (পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটিসহ ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি বিনোদন ভাতা হিসাবে মঞ্জুর প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, শেরপুরের সাবেক জেলা ও দায়রা জজ পরবর্তীতে আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ) বর্তমানে অবসর-উত্তর ছুটি ভোগরত জনাব এম এ নূর ২২/৫/২০১৮ খ্রিঃ তারিখ ১৫ (পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটিসহ ভাতা মঞ্জুরের জন্য প্রার্থনা করেন। উক্ত সময় তিনি বিচার কাজে নিযুক্ত থাকায় বিচার প্রার্থী জনগণের বিচার প্রাপ্তিতে ভোগান্তির শিকার হবেন বিষয়টি বিবেচনায় জনস্বার্থে তাঁকে উক্ত সময় শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর করা সম্ভব হয়নি। জনাব এম, এ নূর বর্ণিত শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা পেতে হকদার বিধায় ও পরবর্তীতে তিনি অত্র বিভাগে সংযুক্ত হওয়ায়, তিনি বিচারিক কাজে নিয়োজিত না থাকায় এবং বর্তমানে তিনি ১৫/৯/২০১৮ খ্রিঃ তারিখ হতে অবসর-উত্তর ছুটিতে থাকায় তাঁকে ভূতাপেক্ষ শ্রান্তি বিনোদন ছুটিসহ ভাতা মঞ্জুর করা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, ১৯৭৯ সনের বাংলাদেশ সার্ভিস (শ্রান্তি বিনোদন ভাতা) বিধি এবং অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-২ থেকে জারিকৃত ১২ জুলাই ১৯৯৯ ইং তারিখের অম/অবি(বাঃ-১) ভাতা-১৬/৯৫-১৯৭৬ নম্বর অফিস স্মারক অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তার নামের পার্শ্বে ৩ নং কলামে উল্লিখিত ১৫ (পনের) দিনের ভূতাপেক্ষ শ্রান্তি বিনোদন ছুটিসহ ৪ নং কলামে বর্ণিত মূল বেতনের সমপরিমাণ অর্থ ভাতা হিসেবে মঞ্জুর করা হলো।

ক্রমিক নং	নাম, পদবী ও বর্তমান কর্মস্থল	মঞ্জুরীকৃত ছুটি	মূল বেতন
১.	জনাব এম এ নূর সাবেক সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ), আইন ও বিচার বিভাগ, বর্তমানে- অবসর-উত্তর ছুটি ভোগরত।	১২/০৮/২০১৮ খ্রিঃ তারিখ হতে ২৬/০৮/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিন।	আগস্ট/২০১৮ মাসে আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ।

০৩। উল্লিখিত কর্মকর্তার শ্রান্তি বিনোদন ভাতা ২০১৮-২০১৯ অর্থ বছরে তাঁর দপ্তরের সংশ্লিষ্ট খাতের অর্থ হতে বিকলনীয়।


(মোঃ নূরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। জনাব এম এ নূর, সাবেক সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ) আইন ও বিচার বিভাগ, বর্তমানের অবসর-উত্তর ছুটি ভোগরত।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/বাজেট/উন্নয়ন, আইন ও বিচার বিভাগ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।